শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

# কুতুবদিয়া উপজেলা পরিষদ

জেলাঃ কক্সবাজার
www.kutubdia.coxsbazar.gov.bd

## কুতুবদিয়া উপজেলা পরিষদের অক্টোবর /২০২১ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | ঃ জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার। |
| সভার তারিখ | ঃ ২৮/১০/২০২১ খ্রিষ্টাব্দ। |
| সময় | ঃ সকাল- ১১.০০ টা। |
| স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কুতুবদিয়া। |
| সভার উপস্থিতি | ঃ পরিশিষ্ট 'ক ও 'খ'-তে দ্রষ্টব্য। |

সভার প্রারম্ভে নব নির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে আনুষ্ঠানিক ভাবে বরণ করা হয় এবং সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ নুরের জামান চৌধুরী গত ৩০ সেপ্টেম্বর' ২০২১ তারিখ অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। বর্ণিত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় উপস্থিত সকলের সম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল অফিসঃ<br>(ক) ২০২১-২২ অর্থ বছরের এডিপি স্কীম গ্রহণ সংক্রান্তঃ<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের (এডিপি) আওতায় ১ম কিস্তিতে ২৭.৭৩ লক্ষ টাকার বরাদ্দ পত্র পাওয়া যায়। তথপ্রেক্ষিতে স্কীম তালিকা দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকলকে পত্র দেয়া হয়েছে। কৈয়ারবিল ইউনিয়ন ছাড়া অবশিষ্ট ৫টি ইউনিয়ন পরিষদ থেকে স্কীম তালিকা পাওয়া গেছে। সভায় এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক) বিস্তারিত আলোচনান্তে উপজেলা উন্নয়ন সহায়তা তহবিলের আওতায় যথানিয়মে সহসা স্কীম তালিকা দাখিল করার জন্য চেয়ারম্যান, কৈয়ারবিল ইউপিসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি কুতুবদিয়া |
| | (খ) আনসার সদস্যের ব্যারাক ও বঙ্গবন্ধু শেখ মুজিব ম্যুরাল নির্মাণঃ<br>উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ও শারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ব্যারাক নির্মাণ কাজের প্রাপ্ত টেন্ডার হতে লটারীর মাধ্যমে ঠিকাদার নির্মাণ করা হবে। এছাড়াও উপজেলা পরিষদ চত্বরে "বঙ্গবন্ধু শেখ মুজিব" ম্যুরাল নির্মাণ কাজের কোটেশন আহ্বান করা রয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | খ) বিস্তারিত আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন ওশারীরিক নিরাপত্তায় নিয়োজিত আনসার সদস্যদের ব্যারাক নির্মাণ কাজ এবং উপজেলা পরিষদ চত্বরে "বঙ্গবন্ধু শেখ মুজিব"ম্যুরাল নির্মাণ কাজ দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, এলজিইডি কুতুবদিয়া |
| ০২ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসঃ<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান , কাবিখা ও টিআর খাতে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের নিকট হতে প্রাপ্ত স্কীমের তালিকা যাচাই বাছাই করা হচ্ছে। উপজেলায় ২টি বীর নিবাস নির্মাণ কাজের টেন্ডার আহ্বান করা হয়েছে। ইজিপিপি কর্মসূচীর শ্রমিক তালিকা যাচাই বাছাই কাজ শেষ হয়েছে। তা চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হবে। বৃষ্টির কারণে মুজিব কিল্লার কাজ কিছুটা ধীরগতিতে চলছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>ক) বীর নিবাস নির্মাণ কাজ যথাযথভাবে বাস্তবায়নে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়।<br>খ) ইজিপিপি কর্মসূচীর শ্রমিক তালিকা সঠিকভাবে যাচাই হয়েছে কিনা নিশ্চিত করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা'কে অনুরোধ করা হয়। | ক-খ) উপজেলা প্রকৌশলী,এলজিইডি/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসঃ-<br>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা জানান, গত ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর ৭৫তম জন্ম বার্ষিকী উপলক্ষ্যে সারাদেশে গণটিকা প্রদান কর্মসূচীর আওতায় ৭৫লাখ মানুষকে করোনা টিকার প্রথম ডোজ দেয়া হয়। তারই অংশ হিসেবে উপজেলার ৬টি ইউনিয়নে ৯০০০ টিকা প্রদানের টার্গেট দেয়া হয়। সকলের সার্বিক সহযোগিতা ও প্রচেষ্টার কারনে ৯৪০০ লোককে ঐদিনই করোনার প্রথম ডোজ প্রদান করা হয়। আজ করোনার দ্বিতীয় ডোজ প্রদান শুরু হয়েছে। যথাযথভাবে করোনার দ্বিতীয় ডোজ প্রদানে সকলের সহযোগিতা কামনা করেন। শীতকালে করোনা প্রভাব বৃদ্ধি পাওয়ার আশংকা থাকায় সকলকে সতর্ক থাকার পরামর্শ প্রদান করেন। এছাড়াও | বিস্তারিত আলোচনান্তে হাসপাতালে চিকিৎসা সেবার মান বৃদ্ধির ধারাবাহিকতা বজায় রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা'কে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কুতুবদিয়া |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | কিছুদিনের মধ্যে শিক্ষার্থীদেরকে করোনা টিকা প্রদানের রেজিষ্ট্রেশন শুরু হবে মর্মে সভাকে অবহিত করেন এবং দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে জানান। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | | |
| ০৪ | <u>উপজেলা কৃষি অফিসঃ</u><br>উপজেলা কৃষি কর্মকতার প্রতিনিধি জানান, উত্তর ধুরুং ও লেমশীখালী ইউনিয়নে লবন মাঠে ধান চাষ করে কৃষকরা ব্যাপক ফলন পেয়েছে। ২৪টি নতুন পুষ্টি প্রদর্শনী করা হবে। প্রতি ইউনিয়নে ১০০টি করে তালের চারা বিতরন করা হবে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৫ | <u>উপজেলা মৎস্য অফিসঃ</u><br>উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি জানান, গত ০৪ অক্টোবর থেকে ২৫ অক্টোম্বর পর্যন্ত ২২ দিনের মৎস্য সংরক্ষণ কর্মসূচী যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। ক্ষতিগ্রস্থ জেলেদের জন্য বরাদ্দকৃত চাল বিতরন করা হয়েছে। আলোচনায়, চেয়ারম্যান, বড়ঘোপ ইউপি জানান, কুতুবদিয়া উপজেলায় কাডধারী জেলের সংখ্যা ১০৯৫৬জন। কিন্তু ৩৭০০জন জেলের জন্য চাউল বরাদ্দ পাওয়া যায়। অবশিষ্ট নিবন্ধিত দরিদ্র জেলেরা ত্রাণ সহায়তা থেকে বঞ্চিত হয়। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>ক) সমুদ্রে মৎস্য আহরন নিষিদ্ধ কালীন সময়ে কুতুবদিয়ার সকল জেলেরা বেকার হয়ে পড়ে। তাই কুতুবদিয়া উপজেলার সকল নিবন্ধিত জেলেদের জন্য সরকারি ত্রাণ সহায়তা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>ক) জনস্বার্থে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া<br>খ) উপজেলা মৎস্য কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৬ | <u>উপজেলা প্রাণি সম্পদ অফিসঃ</u><br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান, সম্প্রতি সময়ে দেশে গরুর লাম্পি স্কিন ডিজিজ (এলএসডি) আক্রান্তের হার বেড়ে গেছে। এর রোগের স্থায়ী কোন চিকিৎসা নেই। খামারীদের এবিষয়ে প্রয়োজনীয় সর্তকর্তা অবলম্বনের নির্দেশনা দেয়া হচ্ছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যহত জন্য উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া'কে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৭ | <u>উপজেলা সমাজ সেবা অফিসঃ</u><br>উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি জানান, ২০২১-২০২২অর্থ বছরের বরাদ্দপ্রাপ্ত পঙ্গু ভাতার তালিকা প্রদানের জন্য ইউপি চেয়ারম্যানগণের বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। বিভাগীয় আলোচনায়, জনপ্রতিনিধিগণ জানান, পঙ্গু কার্ড না থাকার কারণে অনেকে পঙ্গু ভাতা থেকে বঞ্চিত হচ্ছে। উম্মুক্ত আলোচনায়, চেয়ারম্যান, বড়ঘোপ ইউপি জানান, সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় চলতি অর্থ বছরে কুতুবদিয়া উপজেলায় ভাতা গ্রহনে উপযোগী শতভাগ ব্যক্তিকে ভাতার আওতায় নিয়ে আসার জন্য পত্র প্রেরণ করা যেতে পারে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>ক) কুতুবদিয়া উপজেলাকে শতভাগ ভাতাভোগীর আওতায় অনুভুক্ত করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) প্রতিবন্ধীদের কার্ড প্রদান কার্যক্রম সহজী করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনসহ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যহত রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া<br>খ) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৮ | <u>উপজেলা শিক্ষা অফিসঃ</u><br>উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি জানান, তাঁর বিভাগীয় কার্যক্রম যথানিয়মে পরিচালিত হচ্ছে। বিভাগীয় আলোচনায়, চেয়ারম্যান বড়ঘোপ ইউপি জানান, মধ্য আলী আকবর ডেইল প্রাথমিক বিদ্যালয়ের সীমানা বিরোধের বিষয়টি পর পর কয়েকটি মাসিক সভায় উপস্থাপনের প্রেক্ষিতে দ্রুত নিস্পত্তির সিদ্ধান্ত গৃহীত হলেও অদ্যাবধি তা বাস্তবায়ন হয়নি । এছাড়াও বর্ণিত বিদ্যালয়ের নির্মিত শহীদ মিনারে পুরান ওয়াশ ব্লকের ইট ব্যবহার করা হচ্ছে মর্মে অভিযোগ পাওয়া যাচ্ছে। বর্ণিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>সভাপতি, উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সভা আহ্বানের প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>ক) মধ্য আলী আকবর ডেইল প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন হাফেজখানা ও ফোরকানিয়া মাদ্রাসার ছাত্র/ছাত্রী এবং ১০টি পরিবারের লোকজনের চলাচলের পথ খুলে দেয়ার বিষয়ে এবং নির্মানাধীন শহীদ মিনারে পুরাতন ইট ব্যবহারের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক লিখিত প্রতিবেদন পরিষদের অনুকূলে দাখিল করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়।<br>খ) উপজেলা প্রাথমিক শিক্ষা কমিটির সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | ক-খ) উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৯ | **পরিবার পরিকল্পনা অফিসঃ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের দাখিলকৃত সেপ্টেম্বর/২০২১ মাসের অগ্রগতি প্রতিবেদনঃ মোট সক্ষম দম্পতি- ২৪৫৯৩, পদ্ধতি গ্রহীতা- ১৯০১১ (খাবার বড়ি- ৭৮৪৯, কনডম-৭৭৬, ইনজেকশন-৬৭০০, আইইউডি- ৩৬৩ (চলতি মাসে-০৩জন), ইমপ্লানন-২৪৩১ (চলতি মাসে-১৩জন), স্থায়ীপদ্ধতি (পুরুষ-২৮৪, চলতি মাসে-০০জন) (মহিলা-৬০৮,চলতি মাসে-০০জন), সিএআর-৭৭.৩০%, নিবন্ধিত মোট গর্ভবর্তীর সংখ্যা- ১২৪৮, সাধারণ রোগীর সেবা- ৮২৫ (পুরুষ-৩৫,মহিলা-৭৯০), গর্ভকালীন সেবা- ৯১৪, গর্ভোত্তর সেবা-২০০, জীবিত জন্মের সংখ্যা মোট-১৪০ (প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি দ্বারা-২৭, প্রশিক্ষণবিহীন ব্যক্তিদ্বারা- ৩৪), শিশু সেবা (০-৫)- ১৫৪৩, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব-৭৯টি। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে উপস্থিত কর্মকর্তার প্রতিনিধি জানান । | জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১০ | **উপজেলা পল্লী উন্নয়ন অফিসঃ**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | মাসিক সাধারণ সভায় ধারাবাহিকভাবে অনুপস্থিত থাকার কারণ লিখিতভাবে পরিষদে অবহিত করার জন্য এবং উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভাসহ গুরুত্বপূর্ণ সভা সমূহে কর্মকর্তা/প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১১ | **উপজেলা সমবায় অফিসঃ**<br>উপজেলা সমবায় কর্মকর্তা জানান, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। এছাড়াও আগামী ০৬/১১/২০২১ইং তারিখে ৫০তম জাতীয় সমবায় দিবস-২০২১ যথাযথভাবে উৎযাপন উপলক্ষ্যে সকলের উপস্থিতি কামনা করেন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১২ | **উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসঃ**<br>উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান, পূর্বে বরাদ্দকৃত নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরে নতুনভাবে তারা গভীর, গভীর ও অগভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। ২টি পাবলিক টয়লেট বরাদ্দ পাওয়া গেছে। এছাড়াও ২০০টি সাবমারসিবল পাম্পসহ টিউবওয়েল বরাদ্দ পাওয়া গেছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা ওয়াটসন কমিটির সিদ্ধান্তক্রমে বরাদ্দপ্রাপ্ত টিউবওয়েল ও পাবলিক টয়লেটের স্থান নির্বাচন/ বিভাজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কুতুবদিয়া |
| ১৩ | **উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসঃ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, ১০টি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীর উপস্থিতির হার-৫৬%। সংক্ষিপ্ত সিলেবাসের মাধ্যমে সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে। আগামী ১৪ নভেম্বর ২০২১ এস.এস.সি ও দাখিল পরীক্ষা শুরু হবে। মাধ্যমিক বিদ্যালয়ে ব্যানবেইজ জরিপ চলমান রয়েছে। এছাড়াও, উত্তর ধুরুং আকবর বলীর পাড়া গাউছিয়া মাদ্রাসা সংলগ্ন সড়কটি জনস্বার্থে জরুরী মেরামতের অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে নকলমুক্ত পরিবেশে সুন্দরভাবে এসএসসি ও দাখিল পরীক্ষা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার'কে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১৪ | **উপজেলা রেঞ্জ অফিসঃ**<br>জনাব শামীম রেজা, উপজেলা রেঞ্জ কর্মকর্তা জানান, তিনি সদ্য কুতুবদিয়া উপজেলায় যোগদান করেছেন। দাপ্তরিক চলমান কার্যক্রম স্বাভাবিক রয়েছে। নতুন বাগান সৃজনের কাজ আগামী বছরের শুরুতে আরম্ভ হবে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>উন্মুক্ত আলোচনায়, চেয়ারম্যান, বড়ঘোপ ইউপি জানান, কুতুবদিয়া উপজেলায় কোন স-মিল না থাকায় দ্বীপবাসী মারাত্মক ক্ষতির সম্মুখিন হচ্ছেন। পার্শ্ববর্তী উপজেলা থেকে অনেক শ্রম ও অর্থ ব্যয়ে প্রয়োজনীয় কাঠ সংগ্রহ করতে হয়। তাছাড়া কুতুবদিয়া উপজেলায় কোন রিজার্ভ ফরেস্ট নাই। এছাড়াও কুতুবদিয়া উপজেলার বড়ঘোপ ইউনিয়নকে পৌরসভায় উন্নীত করার বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। তাই কুতুবদিয়া উপজেলায় জরুরী ভিত্তিতে স-মিল স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিষদকে অনুরোধ জানান। এবিষয়ে স্থানীয় জনপ্রতিনিধিসহ উপস্থিত সকলে একমত পোষন করেন। বর্ণিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা রেঞ্জ কর্মকর্তা'কে অনুরোধ করা হয়।<br><br>খ) কুতুবদিয়া উপজেলায় রিজার্ভ ফরেস্ট না থাকার বিষয়টি বিভাগীয় বন কর্মকর্তা, উপকূলীয় বন বিভাগ, চট্টগ্রাম'কে অবহিত করার নিমিত্তে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা রেঞ্জ কর্মকর্তা, কুতুবদিয়া |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৫ | <u>উপজেলা মহিলা বিষয়ক অফিসঃ</u><br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | মাসিক সাধারণ সভায় ধারাবাহিকভাবে অনুপস্থিত থাকার কারণ লিখিতভাবে পরিষদে অবহিত করার জন্য এবং উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভাসহ গুরুত্বপূর্ণ সভা সমূহে কর্মকর্তা/প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা' কুতুবদিয়া |
| ১৬ | <u>উপজেলা যুব উন্নয়ন অফিস ঃ</u><br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। এছাড়াও আগামী ০১/১১/২০২১ইং তারিখে জাতীয় যুব দিবস-২০২১ যথাযথভাবে উৎযাপন উপলক্ষ্যে সকলের উপস্থিতি কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| ১৭ | <u>উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের অফিস ঃ</u><br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুতুবদিয়ার প্রতিনিধি তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে মর্মে সভাকে অবহিত করেন।<br>বিভাগীয় আলোচনায়, চেয়ারম্যান, বড়ঘোপ ইউপি জানান, কুতুবদিয়া উপজেলা খাদ্য গুদামের সাবেক ভারপ্রাপ্ত কর্মকর্তা জনাব পলাশ পাল চৌধুরী কর্তৃক ১৯২মেট্রিকটন চাল আত্মসাতের বিষয়টি আদালতে বিচারাধীন রয়েছে। কিন্তু কুতুবদিয়া উপজেলার জন্য বরাদ্দকৃত চাল আত্মসাতের পর পুনঃবরাদ্দ না হওয়ায় দ্বীপের দরিদ্র সাধারণ সরকারি সহায়তা থেকে বঞ্চিত হচ্ছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>ক) কুতুবদিয়া খাদ্য গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক আত্মসাতকৃত চাউল এর সমপরিমাণ চাউল অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য জেলা খাদ্য নিয়ন্ত্রক, কক্সবাজার বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখারসহ পর্যাপ্ত খাদ্য শস্য সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বড়ঘোপ খাদ্য গুদাম, কুতুবদিয়া'কে অনুরোধ করা হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া<br>খ) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুতুবদিয়া |
| ১৮. | <u>বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিউবো)ঃ</u><br>আবাসিক প্রকৌশলী, বিউবো, কুতুবদিয়া সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য আবাসিক প্রকৌশলী, বিউবো, কুতুবদিয়া'কে অনুরোধ করা হয়। | আবাসিক প্রকৌশলী, বিউবো, কুতুবদিয়া |
| ১৯. | <u>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (বাপাউবো)ঃ</u><br>উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। বিভাগীয় আলোচনায়, ইউপি চেয়ারম্যানগণ জানান, ইমার্জেন্সি ওয়ার্কে বেড়ীবাধ মেরামতের জন্য মাটি খননের সময় অনেক ঘরবাড়ি ক্ষতির সম্মুখিন হচ্ছে। তাই বেড়ীবাধ মেরামতের সময় যাতে সাধারণ লোকজনের ঘরবাড়ির ক্ষতি না হয় সেদিকে লক্ষ্য রাখার অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>ক) বেড়ীবাধ নির্মাণে মাটি সংগ্রহের সময় যাতে সাধারণ লোকজনের ঘরবাড়ির ক্ষতি না হয় সেদিকে লক্ষ্য রেখে বেড়ীবাধের কাজ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়।<br>খ) মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | ক-খ) উপ-বিভাগীয় প্রকৌশলী, বাপাউবো, কুতুবদিয়া |
| ২০. | <u>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক ঃ</u><br>ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে জনস্বার্থে বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখার জন্য ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া' কে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া |
| ২১. | <u>তথ্য আপা প্রকল্পঃ</u><br>তথ্য আপা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে জানা যায়নি। | মাসিক সভায় নিয়মিত উপস্থিত থেকে দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য তথ্যসেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, তথ্য আপা প্রকল্প, কুতুবদিয়াকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, কুতুবদিয়া |
| ২২ | <u>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পঃ</u><br>**ক) ৩য় পর্যায়ে (২০১৮-২০১৯) গৃহীত স্কীম বাস্তবায়নঃ**<br>জনাব জামাল উদ্দিন, ইউডিএফ জানান, ইউজিডিপি প্রকল্পের আওতায় ৩য় পর্যায়ে (২০১৮-২০১৯) গৃহীত ০৬টি সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প এর কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা হয় এবং গত ২৮/০৪/২০২১ইং তারিখে প্রকল্প পরিচালক মহোদয়ের বরাবর সমাপ্ত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। এছাড়াও ০২টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের ৪৫% কাজ সম্পন্ন হয়েছে। | (২২/ক) ৩য় পর্যায়ে (২০১৮-২০১৯) গৃহীত ০৬টি সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প এর কাজ যথাযথভাবে সমাপ্ত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয় এবং ০২টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের কাজ দ্রুত সমাপ্ত করার জন্য তাগাদা প্রদান করা হয়। | ২২/ক) উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | খ) ৪র্থ পর্যায়ে (২০১৯-২০২০) গৃহীত উপ-প্রকল্প বাস্তবায়নঃ<br>জনাব জামাল উদ্দিন, ইউডিএফ জানান, ইউজিডিপি প্রকল্পের আওতায় ৪র্থ পর্যায়ে (২০১৯-২০২০) গৃহীত ০৬টি সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প এর মধ্যে ০৪টি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে, ০২টির কাজ চলমান। এছাড়াও ০২টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের টেন্ডার আহ্বান করা হয়েছে। | (২২/খ) ৪র্থ পর্যায়ে (২০১৯-২০২০) গৃহীত সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কমিটিকে অনুরোধ করা হয় এবং ০২টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের কাজ সহসা টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে যথাসময়ে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়। | ২২/খ) উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া/ ইউডিএফ, ইউজিডিপি,কুতুবদিয়া |
| | গ) ৫ম পর্যায়ে (২০২০-২০২১) গৃহীত উপ-প্রকল্প বাস্তবায়নঃ<br>জনাব জামাল উদ্দিন, ইউডিএফ জানান, ইউজিডিপি প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ে (২০২০-২০২১) প্রাপ্ত বরাদ্দের বিপরীতে গত ৩০/০৯/২০২১ইং তারিখে অনুষ্ঠিত পরিষদের মাসিক সভার সিদ্ধান্তক্রমে গৃহীত ০৬টি সক্ষমতা বৃদ্ধিমূলক উপ-প্রকল্প এবং ০১টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প চূড়ান্ত অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক, ঢাকা মহোদয় বরবার প্রেরণ করা হয়েছে। | ২২/গ) ৫ম পর্যায়ে (২০২০-২০২১) বরাদ্দ প্রাপ্ত ১০ লক্ষ টাকার বিপরীতে গৃহীত ৬টি সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প এবং ৪০ লক্ষ টাকার বিপরীতে ০১টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প চূড়ান্ত অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ২২/গ) উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া/ ইউডিএফ, ইউজিডিপি,কুতুবদিয়া |
| | ঘ) জনাব জামাল উদ্দিন, ইউডিএফ জানান, উপজেলা পরিষদের ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পরিষদ ১৭টি ও ইউনিয়ন পরিষদের ১৩টি স্থায়ী কমিটি সমূহের সভা এবং ইউডিসিসি সভা নিয়মিত ভাবে আয়োজন করে সংশ্লিষ্ট সকলের নিকট সভার কার্যবিবরণী প্রেরণ করার অনুরোধ জানান। এছাড়াও উপজেলা ও ইউনিয়ন পরিষদের সিটিজেন চার্টার পরিষদের সামনে টাঙ্গানো ও ওয়েব পোর্টালে আপলোড করা এবং বার্ষিক ও পঞ্চবার্ষিকী বাজেট ওয়েব পোর্টালে আপলোডসহ ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২২/ঘ) পরিষদের কার্যক্রমকে গতিশীল করার লক্ষ্যে স্থায়ী কমিটির মিটিং নিয়মিতভাবে আয়োজন করার এবং সকল তথ্য ওয়েব পোর্টালে আপলোড ও নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ২২/ঘ) সকল দপ্তরপ্রধান ও দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকল কর্মকর্তা/ কর্মচারী |
| ২৩ | উপজেলা পরিষদঃ<br>ক) উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় মার্কেট নির্মানঃ<br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুতুবদিয়া কর্তৃক কুতুবদিয়া উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় দোকান ঘর/বাণিজ্যিক মার্কেট নির্মাণের নিমিত্তে ২,৬৭,০২,১৮৬/= টাকার প্রাক্কলন ও মার্কেটের ডিজাইনসহ সভায় উপস্থাপন করেন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ক) বিস্তারিত আলোচনান্তে, কুতুবদিয়া উপজেলা পরিষদের মালিকানাধীন জায়গায় দোকান ঘর/বাণিজ্যিক মার্কেট নির্মাণের নিমিত্তে উপস্থাপিত কারিগরি প্রতিবেদন, মার্কেটের ডিজাইনসহ ২,৬৭,০২,১৮৬/= টাকার প্রাক্কলন সর্বসম্মতভাবে অনুমোদন করা হয় এবং বর্ণিত প্রাক্কলন চূড়ান্ত অনুমোদনসহ প্রশাসনিক অনুমতি পাওয়ার নিমিত্তে উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া |
| | খ) বাসা বরাদ্দ/ভাড়া আদায় প্রসঙ্গেঃ<br>উপজেলা পরিষদ নিয়ন্ত্রণাধীন আবাসিক কোয়াটার ও ডরমেটরী ভবনের ভাড়া নিয়মিত আদায় ও বরাদ্দ ছাড়া কোয়াটার/ডরমেটরীতে অবস্থানরত কর্মকর্তা/কর্মচারীদের নামে বরাদ্দ প্রদানসহ বকেয়া ভাড়া আদায়ের ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | খ) জরুরী ভিত্তিতে বাসা বরাদ্দ কমিটির সভা আহ্বান করার জন্য উপজেলা প্রকৌশল, এলজিইডি, কুতুবদিয়াকে অনুরোধ করা হয়। | খ) উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী,এলজিইডি কুতুবদিয়া |
| ২৪. | উন্মুক্ত আলোচনাঃ<br>১) জনাব আব্দুল হালিম, চেয়ারম্যান, উত্তর ধূরুং ইউপি জানান, জনসাধারণ বিপুল ভোটে তাঁকে চেয়ারম্যান হিসেবে নির্বাচিত করায় কৃতজ্ঞতা প্রকাশ করেন। উত্তর ধুরুং ইউনিয়নের জনসাধারনের জীবন-মান উন্নয়নের স্বার্থে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানান। | বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ<br>১) দ্বীপের জনসাধারণের জীবন-মান উন্নয়নে আন্তরিকতার সহিত নিজ নিজ দায়িত্ব পালনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয় | ১) সংশ্লিষ্ট সকল |
| | ২) জনাব আলা উদ্দিন আল আজাদ, চেয়ারম্যান, দক্ষিণ ধুরুং ইউপি জানান, সুষ্ঠুভাবে ইউপি নির্বাচন-২০২১ সম্পন্ন করায় সংশ্লিষ্ট সকলকে দক্ষিণ ধুরুং ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে ধন্যবাদ প্রস্তাব গ্রহণের অনুরোধ করেন। ইতিপূর্বে প্রস্তুতকৃত জেলেদের তালিকা সংশোধন করে নতুন তালিকা প্রস্তুত করার প্রস্তাব করেন। এছাড়াও ধুরুং বাজারে ট্রাফিক জ্যাম নিরসন ও বাজারে নিয়ম বর্হিভূত টোল আদায় নিয়ন্ত্রণের জন্য উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করেন। | ২) ইউনিয়ন পরিষদ নির্বাচন-২০২১ সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন করায় উপজেলা প্রশাসন, পুলিশ প্রশাসনসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভায় প্রস্তাব পাশ করা হয়। | ২) উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া |
| | ৩) জনাব আকতার হোসেন, চেয়ারম্যান, লেমশীখালী ইউপি জানান, বিপুল ভোটে ২য় বার চেয়ারম্যান হিসেবে নির্বাচিত করায় সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। ছাড়াও তিনি দরবার ঘাটে সরকার নির্ধারিত টোল আদায় নিশ্চিত করার বিষয়ে অনুরোধ জানান। | ৩) দরবার ঘাটে টোল আদায়ের চার্ট টাঙ্গানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ৩) উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ৪) জনাব মোহাম্মদ আজমগীর মাতবর চেয়ারম্যান, কৈয়ারবিল ইউপি জানান, ইউপি নির্বাচন-২০২১ শান্তিপূর্ণ পরিবেশে সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আরো জানান, সম্প্রতি সময়ে ইউরিয়ার সারের সঙ্কট দেখা দেয়ায় প্রান্তিক কৃষকরা ভোগান্তির সম্মুখীন হয়েছে। তাই স্থানীয় চাহিদা বিবেচনায় পর্যাপ্ত সার মওজুদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। উপজেলা সমাজসেবা অফিসে যাতে ভাতাভোগীরা হয়রানীর শিকার না হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ জানান। কৈয়ারবিল ইউনিয়নে সুপেয় পানী সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদকে অনুরোধ জানান। | ৪) কৈয়ারবিল ইউনিয়নের সকল এলাকায় সুপেয় পানি সরবরাহের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশল (জনস্বাস্থ্য), কুতুবদিয়াকে অনুরোধ করা হয়। | ৪) উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) কুতুবদিয়া |
| | ৫) জনাব আ.ন.ম শহীদ উদ্দিন, চেয়ারম্যান, বড়ঘোপ ইউপি জানান, কুতুবদিয়া উপজেলা থেকে দেশের মুলখন্ডের সাথে যোগাযোগের পথ সুগম করার ও নিত্য প্রয়োজনীয় মালামাল পরিবহনের সুবির্ধাথে ফেরী চলাচল চালু করার নিমিত্তে উর্ধতন কর্তৃপক্ষের বরাবর পত্র প্রেরণের প্রস্তাব করেন। তিনি আরো জানান, দীর্ঘদিন যাবত বড়ঘোপ বাজারের উন্নয়ন কাজ বন্ধ রয়েছে। তাই বড়ঘোপ বাজার উন্নয়নের জন্য জরুরী স্কীম গ্রহণের প্রস্তাব করেন। আলোচনায়, উপজেলা নির্বাহী অফিসার জানান, কুতুবদিয়া উপজেলার সাথে ফেরী সার্ভিস চালু করার বিষয়ে ইতোমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৫/১) জনসাধারনের সুবিধার্থে কুতুবদিয়া উপজেলার জন্য ফেরী সার্ভিস চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, ঢাকা বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৫/২) বড়ঘোপ বাজার উন্নয়ন তহবিলের অর্থায়নে অগ্রাধিকার ভিত্তিতে স্কীম গ্রহণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ৫/১) উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া<br>৫/২) উপজেলা নিবর্হী অফিসার/ উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কুতুবদিয়া |
| | ৬) জনাব মোহাম্মদ জাহাঙ্গীর সিকদার, চেয়ারম্যান, আলী আকবর ডেইল ইউপি জানান, ঘুর্ণিঝড় "ইয়াস" এর প্রভাবে বায়ুবিদ্যুৎ সংলগ্ন ক্ষতিগ্রস্থ বেড়ীবাধ দ্রুত মেরামত করা প্রয়োজন এবং ইমার্জেন্সি ওয়ার্কের মাধ্যমে বেড়ীবাধের ভাবালের অংশে মাঠির কাজ করা প্রয়োজন। এছাড়াও, চলতি শুষ্ক মৌসুমে আলী আকবর ডেইল ইউনিয়নে প্রচুর সব্জি চাষ হচ্ছে। তাই সারের ব্যাপক চাহিদা রয়েছে বিধায় পর্যাপ্ত সার সরবরাহ করার অনুরোধ জানান। | ৬) শীতকালী সব্জি ক্ষেতের ফলন বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় কৃষকদের প্রয়োজনীয় পরামর্শ ও সার্বিক সহযোগিতা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা'কে অনুরোধ করা হয়। | ৬) উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়া |
| | ৭) জনাব আওরঙ্গজেব মাতবর, সভাপতি, কুতুবদিয়া উপজেলা আওয়ামীলীগ জানান, ধুরুং বাজার ও বড়ঘোপ বাজারে অবস্থিত তোহা বাজারের নির্ধারিত জায়গা দিন দিন দখল হয়ে যাচ্ছে। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৭) বড়ঘোপ বাজার ও ধুরুং বাজারে তোহা বাজারের জন্য নির্ধারিত খালি জায়গা দখলমুক্ত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ৭) উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া |
| | ৮) উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানদ্বয় নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানগণকে অভিনন্দন জানান। | ৮) উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা সমূহ নিয়মিত আয়োজন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। | ৮) সংশ্লিষ্ট সকল |
| | ৯) জনাব ওমর হায়দার, ভারপ্রাপ্ত কর্মকর্তা, কুতুবদিয়া থানা, নব নির্বাচিত চেয়ারম্যানদের শুভেচ্ছ ও নতুন কর্মক্ষেত্রে স্বাগত জানান। এছাড়া উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য নবনির্বাচিত চেয়ারম্যানগণের আন্তরিকতা ও সহযোগিতা কামনা করেন। | ৯) কুতুবদিয়া উপজেলার আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রাখার নিমিত্তে সকলকে আন্তরিকভাবে কাজ করার জন্য অনুরোধ করা হয়। | ৯) সংশ্লিষ্ট সকল |
| ২৫. | <u>বিবিধঃ-মাসিক সভায় উপস্থিতি নিশ্চিত করণ প্রসঙ্গেঃ</u><br>উপজেলা নির্বাহী অফিসার জানান, সকল দপ্তরের কার্যক্রম মাসিক সভায় তুলে ধরাসহ সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাদের উপস্থিতি শতভাগ নিশ্চিত করা প্রয়োজন। কিন্তু অনেকে বিভিন্ন অজুহাতে মাসিক সভায় অনুপস্থিত থাকে। যা মোটেও কাম্য নয়। এছাড়াও কোন কর্মকর্তা ছুটিতে গেলে তা পরিষদকে অবহিত করতে হবে। এবিষয়ে উপস্থিত সকলে একমত পোষন করেন। | বিস্তারিত আলোচনান্তে, উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভা সহ যে কোন গুরুত্বপূর্ণ সভায় সকল দপ্তরের কর্মকর্তাদের উপস্থিতি নিশ্চিত করার এবং কোন কর্মকর্তা ছুটি থাকলে পরিষদকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ |

সভাপতি, নবনির্বাচিত ইউপি চেয়ারম্যানসহ সকলে মিলে কুতুবদিয়ার জনসাধারনের জীবন-মান উন্নয়নে কাজ করার অনুরোধ জানান। অতঃপর, মাসিক সভার গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে এবং সকলের সু-স্বাস্থ্য কামনা করে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
কুতুবদিয়া, কক্সবাজার।

CamScanner

স্মারক নং- ৪৬.৪২.২২৪৫.০০০.০৬.০০১.২০২১- ৪১,

তারিখ: ২৮/১০/২০২১খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতির জন্যঃ-

০১। মাননীয় সংসদ সদস্য, ২৯৫, কক্সবাজার-২ সংসদীয় আসন, কক্সবাজার
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। জেলা প্রশাসক, কক্সবাজার

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্যঃ-

১। জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধূরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
২। সহকারী কমিশনার (ভূমি), কুতুবদিয়া, কক্সবাজার।
৩। জনাব হুমায়ুন কবির হায়দার, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
৪। জনাবা হাছিনা আকতার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া
৫। চেয়ারম্যান (সকল), উত্তর ধূরুং/দক্ষিণ ধূরুং/লেমশীখালী/কৈয়ারবিল/বড়ঘোপ/আলী আকবর ডেইল ইউপি, কুতুবদিয়া
৬। উপজেলা........................................................ অফিসার(সকল), কুতুবদিয়া
৭। সংরক্ষিত মহিলা সদস্য, আসন-১/আসন-২, উপজেলা পরিষদ, কুতুবদিয়া, কক্সবাজার।
৮। জনাব.................................................................. কুতুবদিয়া, কক্সবাজার
৯। সংরক্ষণ নথি।

২৮/১০/২১

(মোঃ নুরের জামান চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কুতুবদিয়া, কক্সবাজার

CS CamScanner

## "উপজেলা পরিষদের ২৮/১০/২০২১ ইং তারিখের মাসিক সভায় উপস্থিতি"

| পরিশিষ্ট- "ক" | | | |
|---|---|---|---|
| ক্রঃ নংঃ | সভায় উপস্থিত সদস্যগণের তালিকা | ক্রঃ নংঃ | সভায় উপস্থিত হস্তান্তরিত দপ্তরের কর্মকর্তাগণের তালিকা |
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | ০১ | উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া |
| ০২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | ০২ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৩ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুতুবদিয়া | ০৩ | উপজেলা কৃষি কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| ০৪ | চেয়ারম্যান, উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৪ | উপজেলা মৎস্য কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| ০৫ | চেয়ারম্যান, দক্ষিণ ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৫ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| ০৬ | চেয়ারম্যান, লেমশীখালী ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৬ | উপজেলা প্রকৌশলী (এল.জি.ই.ডি.),কুতুবদিয়া |
| ০৭ | চেয়ারম্যান, কৈয়ারবিল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| ০৮ | চেয়ারম্যান, বড়ঘোপ ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | ০৮ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| ০৯ | চেয়ারম্যান, আলী আকবর ডেইল ইউপি, কুতুবদিয়া | ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| - | | ১০ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়ার প্রতিনিধি |
| - | | ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ১২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ১৩ | উপজেলা সমবায় কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ১৪ | উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), কুতুবদিয়ার প্রতিনিধি |
| - | | ১৫ | উপজেলা রেঞ্জ কর্মকর্তা, উপকূলীয় বন বিভাগ, কুতুবদিয়া |
| পরিশিষ্ট- "ক" (২) | | | |
| ক্রঃ নংঃ | সভায় উপস্থিত আমন্ত্রিত গন্যমান্য ব্যক্তির তালিকা | ক্রঃ নংঃ | সভায় উপস্থিত আমন্ত্রিত কর্মকর্তাগণের তালিকা |
| - | সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, কুতুবদিয়া উপজেলা শাখা | ০১ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুতুবদিয়া |
| - | | ০২ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ০৩ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কুতুবদিয়া |
| - | | ০৪ | ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, কুতুবদিয়া |

| পরিশিষ্ট- "খ" | | | |
|---|---|---|---|
| ক্রঃ নংঃ | সভায় অনুপস্থিত সদস্যগণের তালিকা | ক্রঃ নংঃ | সভায় অনুপস্থিত হস্তান্তরিত দপ্তরের কর্মকর্তাগণের তালিকা |
| - | | ০১ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ০২ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কুতুবদিয়া |
| পরিশিষ্ট- "খ"(২) | | | |
| ক্রঃ নংঃ | সভায় অনুপস্থিত আমন্ত্রিত গন্যমান্য ব্যক্তির তালিকা | ক্রঃ নংঃ | সভায় অনুপস্থিত আমন্ত্রিত কর্মকর্তাগণের তালিকা |
| - | | ০১ | আবাসিক প্রকৌশলী, বিউবো,কুতুবদিয়া |
| - | | ০২ | উপ-বিভাগীয় প্রকৌশলী, পাউবো, কুতুবদিয়ার প্রতিনিধি |
| - | | ০৩ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ০৪ | তথ্যসেবা কর্মকর্তা, তথ্য কেন্দ্র, কুতুবদিয়ার প্রতিনিধি |
| - | | ০৫ | উপজেলা পল্লীপ কর্মকর্তা, কুতুবদিয়া |
| - | | ০৬ | সহকারী পরিচালক (সি.পি.পি), কুতুবদিয়া |
| - | | | |

CamScanner

# সভার তারিখঃ ২১/০৬/২০২১; ২৫/০৮/২০২১; ৩০/০৯/২০২১; ২৮/১০/২০২১; ২৯/১১/২০২১; ২৮/১২/২০২১



মাসিক সভার হাজিরা রেজিষ্টার

| ক্রম | নাম ও পদবী | স্বা: ২১/০৬/২১ | স্বা: ২৫/০৮/২১ | স্বা: ৩০/০৯/২১ | স্বা: ২৮/১০/২০২১ | স্বা: ২৯/১১/২০২১ | স্বা: ২৮/১২/২০২১ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কুতুবদিয়া | | | | | | |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কুতুবদিয়া | | X | | | | |
| ০৩. | চেয়ারম্যান, উত্তর ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | | | | | | |
| ০৪. | চেয়ারম্যান, দক্ষিণ ধুরুং ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | | | A | | | |
| ০৫. | চেয়ারম্যান, লেমশীখালী ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | | | | | | |
| ০৬. | চেয়ারম্যান, কৈয়ারবিল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | | | | | | |
| ০৭. | চেয়ারম্যান, বড়ঘোপ ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | | | | | | |
| ০৮. | চেয়ারম্যান, আলী আকবর ডেইল ইউনিয়ন পরিষদ, কুতুবদিয়া | | | | | | |



মাসিক সভার হাজিরা রেজিষ্টার

| ক্রম | নাম ও পদবী | স্বা: ২১/০৬/২১ | স্বা: ২৫/০৮/২০২১ | স্বা: ৩০/০৯/২০২১ | স্বা: ২৮/১০/২০২১ | স্বা: ২৯/১১/২০২১ | স্বা: ২৮/১২/২০২১ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার কুতুবদিয়া | | | | | | |
| ০২. | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, কুতুবদিয়া | | | | | | |
| ০৩. | উপজেলা কৃষি কর্মকর্তা কুতুবদিয়া | | | | | | |
| ০৪. | উপজেলা মৎস্য কর্মকর্তা কুতুবদিয়া | | | | | | |
| ০৫. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কুতুবদিয়া | | | | | | |
| ০৬ | উপজেলা প্রকৌশলী এলজিইডি কুতুবদিয়া | | | | | | |
| ০৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কুতুবদিয়া | | | | | | |
| ০৮. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কুতুবদিয়া | | | | | | |
| ০৯. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কুতুবদিয়া | | A | | | | |
| ১০. | উপজেলা শিক্ষা কর্মকর্তা কুতুবদিয়া | | | | | | |

# সভার তারিখঃ ২১/০৬/২০২১; ২৫/০৮/২০২১; ৩০/০৯/২০২১; ২৮/১০/২০২১; ২৯/১১/২০২১; ২৮/১২/২০২১

মাসিক সভার হাজিরা রেজিষ্টার

| ক্রম | নাম ও পদবী | তা: ২১/০৬/২১ | তা: ২৫/০৮/২০২১ | তা: ৩০/০৯/২০২১ | তা: ২৮/১০/২০২১ | তা: ২৯/১১/২০২১ | তা: ২৮/১২/২০২১ |
|---|---|---|---|---|---|---|---|
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, [illegible] | X | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১৩ | উপজেলা সমবায় কর্মকর্তা, [illegible] | X | A | A | [illegible] | A | [illegible] |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, [illegible] | X | A | A | A | [illegible] | [illegible] |
| ১৫ | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১৬ | উপজেলা [illegible] কর্মকর্তা, [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ১৭ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, [illegible] | X | A | [illegible] | A | A | [illegible] |

মাসিক সভার হাজিরা রেজিষ্টার

| ক্রম | নাম ও পদবী | তা: ২১/০৬/২১ | তা: ২৫/০৮/২০২১ | তা: ৩০/০৯/২০২১ | তা: ২৮/১০/২০২১ | তা: ২৯/১১/২০২১ | তা: ২৮/১২/২০২১ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | সহকারী কমিশনার (ভূমি), [illegible] | X | A | A | A | [illegible] | |
| ০২ | [illegible], [illegible] | X | A | A | A | [illegible] | A |
| ০৩ | উপ [illegible] প্রকৌশলী, [illegible] | [illegible] | A | A | X | A | [illegible] |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, [illegible] | X | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৫ | [illegible] কর্মকর্তা, [illegible] | [illegible] | [illegible] | A | [illegible] | A | [illegible] |
| ০৬ | উপজেলা [illegible] কর্মকর্তা, [illegible] | X | A | A | A | [illegible] | [illegible] |
| ০৭ | [illegible] পল্লী [illegible], [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |
| ০৮ | উপজেলা মৎস্য কর্মকর্তা, [illegible] | X | [illegible] | A | A | [illegible] | [illegible] |
| ০৯ | [illegible] কর্মকর্তা, [illegible] | [illegible] | [illegible] | [illegible] | A | [illegible] | [illegible] |
| ১০ | সহকারী [illegible], [illegible] | X | A | X | X | A | [illegible] |
| ১১ | [illegible], উপজেলা পরিষদ [illegible] | X | [illegible] | [illegible] | [illegible] | [illegible] | [illegible] |

মাসিক সভার হাজিরা রেজিষ্টার

| ক্রম | নাম ও পদবী | তা: | তা: ২৫/০৮/২০২১ | তা: ৩০/০৯/২০২১ | তা: ২৮/১০/২০২১ | তা: ২৯/১১/২০২১ | তা: ২৮/১২/২০২১ |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | [illegible], উপজেলা [illegible] | A | [illegible] | A | [illegible] | [illegible] | [illegible] |
| ০২ | [illegible] | A | A | A | | | |